

## শোক সংবাদ



বাউবির কম্পিউটার বিভাগের পরিচালক আবু নাসের মাহমুদ আর নেই

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগের পরিচালক জনাব আবু নাসের মাহমুদ ২২/১২/২০২০ তারিখ রাত ৩.৩০ মিনিটে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি কোভিড-১৯ আক্রান্ত হয়ে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। সদা হাস্যময় প্রফুল্ল চিত্তের নাসের সাহেবের মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান গভীর শোক প্রকাশ করেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড.মহা. শফিকুল আলম উপাচার্যের প্রতিনিধি হিসেবে তাঁর জানাজায় অংশ নেন এবং শোকবিধূর পরিবারের সদস্যদের আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেন।

উপাচার্য মহোদয় কোভিড-১৯ অতিমারীতে সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ করছেন।

আবু নাসের মাহমুদের অকাল প্রয়াণে বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ গভীর শোকাভিভূত।

মহান আল্লাহ্ তাঁর বিদেহী আত্মার মঙ্গল করুন।

*মোঃ আবুল কাসেম শিখদার*

(মো: আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ

বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬